যায়যায়দিন

তারিখ ...SEP. 18. 20
পৃষ্ঠা : ১৬ কলাম :

চাকরি জাতীয়করণ দাবি

# রেজিস্টার্ড প্রাথমিক শিক্ষকদে প্রতীকী অবস্থান ধর্মঘট শুরু

যাযাদি রিপোর্ট

চাকরি জাতীয়করণের একদফা দাবিতে রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষকরা গতকাল রবিবার আবারও রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতীকী অবস্থান ধর্মঘট শুরু করেছেন। ২৪ ঘণ্টার অবস্থান শেষে আজ সোমবার বিকাল ৫টায় তারা এক সংবাদ সম্মেলনের মাধ্যমে পরবর্তী কর্মসূচি ঘোষণা করবেন। এর আগে শিক্ষকরা গতকাল মুক্তাঙ্গনে এক মহাসমাবেশ শেষে রাজধানীতে ব্যাপক বিক্ষোভ করেন। তারা প্রধানমন্ত্রী বরাবর একটি স্মারকলিপিও দেন।

পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী গতক দুপুরে বেসরকারি প্রাথমিক শিক্ষ সমিতির ব্যানারে রেজিস্টার্ড বেসরকা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা মুক্তাঙ্গ মহাসমাবেশের আয়োজন করেন। কয়ে হাজার শিক্ষক এতে যোগ দেন। সমিতি সভাপতি সামসুল আলমের সভাপতি অনুষ্ঠিত ওই সমাবেশে বক্তারা বলে প্রধানমন্ত্রীর নির্বাচনী প্রতিশ্রুতি ছি রেজিস্টার্ড প্রাথমিক শিক্ষকদের চাকরি

পৃ ২ ›› ক

## রেজিস্টার্ড প্রাথমিক

*(শেষ পৃষ্ঠার পর)*

জাতীয়করণ করার। তবে বর্তমান সরকা তার মেয়াদের পাঁচ বছরেও এ দাবি বাস্তবায়নের কোনো উদ্যোগ নেয়নি বক্তারা চলতি সংসদ অধিবেশনে বি পাসের মাধ্যমে এ নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়ন এবং প্রধানমন্ত্রীর অঙ্গীকার রক্ষা আহ্বান জানান। তারা বলেন, সরকারে চলতি মেয়াদে বেসরকারি শিক্ষকদের দাবি না মানলে আগামী সংসদ নির্বাচনে এ প্রভাব পড়বে।

সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখে সমিতির উপদেষ্টা মুখলেছুর রহমান মোকাদ্দেম হোসেন, শহিদুল ইসলাম খান মৃগেন্দ্র মোহন সাহা, স্বপন কুমার রা প্রমুখ।

সমাবেশ শেষে শিক্ষকরা মিছিল নিয়ে স্মারকলিপি দেয়ার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের দিকে রওনা হন। পল্টন মোড়ে মিছিলটি পুলিশের বাধার মুখে পড়ে। পরে তারা মিছিল নিয়ে বঙ্গবন্ধু এভিনিউ ঘুরে কেন্দ্রীয় শহীদ মিনার হয়ে শাহবাগ মোড়ে যান।

সেখানেও পুলিশের বাধার মুখে আটকা পড়লে শিক্ষকরা একটি সংক্ষিপ্ত সমাবেশ করেন। সমাবেশ শেষে সেখান থেকে সমিতির সভাপতির নেতৃত্বে ছয় সদস্যের একটি প্রতিনিধি দল স্মারকলিপি দেয়ার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে যায়। সেখানে শিক্ষক নেতারা প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক কর্মকর্তার হাতে স্মারকলিপিটি তুলে দেন।

শাহবাগ মোড়ের সমাবেশের পর অন্য শিক্ষকরা মিছিল করেই কেন্দ্রীয় শহীদ মিনারে ফিরে যান। সেখানে তারা ২৪ ঘণ্টার প্রতীকী অবস্থান ধর্মঘট শুরু করেন।